দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUN 1992
পৃষ্ঠা 7 কলাম 7

66

## প্রসঙ্গঃ পরীক্ষা পিছানো

অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাষ্টার্স পরীক্ষার সময় ঘোষিত হইয়াছে। সাথে সাথে বরাবরের মত একশ্রেণীর ছাত্র পরীক্ষা পিছানোর দাবী তুলিতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত কয়েক বছরে এমন কোন পরীক্ষা হয় নাই, যাহার তারিখ পিছাইবার জন্য দাবী উঠে নাই। বস্তুতঃ ইহা একশ্রেণীর ছাত্রের বাতিক বিশেষ। দুই বছরের কোর্স আজ পাঁচ বছর যাবৎ চলিতেছে, তবুও ইহাদের আরও সময় প্রয়োজন। কর্তৃপক্ষের নিকট আবেদন, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে সন্ত্রাসের প্রভাব স্বীকার করা উচিত নয়, সন্ত্রাসের সাথে পড়া-শুনা, পরীক্ষার কোন সম্পর্ক নাই। পড়াশুনা ও পরীক্ষা তার আপন গতিতে চলিবে, এই ব্যাপারে কর্তৃপক্ষকে অবশ্যই আপোষহীন হইতে হইবে। সাধারণ ছাত্র-ছাত্রী, যারা পড়াশুনা করিতে চায়, তাহারা সন্ত্রাসের সাথে জড়িত নয়। সুতরাং দুই-একটি হলে সন্ত্রাসের কারণে শত শত ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন ব্যাহত করিয়া পরীক্ষা পিছানোর কোন প্রয়োজন নাই। সন্ত্রাসের কারণে যাহারা হলে থাকিতে পারে না, তাহারা বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনের বাসায় থাকিয়া কষ্ট করিয়া পরীক্ষা দিবে। সকাল আটটা হইতে রাত পর্যন্ত লাইব্রেরী খোলা থাকে। সেখানে নিশ্চিন্তে পড়াশুনা করা যায়।

—মোঃ ইউসুফ, ২৮৩/২ শেওড়াপাড়া, ঢাকা।